



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

৫ জুন, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

লঞ্চ দুর্ঘটনায় নিহত ও নিখোঁজ হওয়া সংক্রান্ত মামলায় নিম্ন আদালতের রায় বহাল রেখেছেন উচ্চ আদালত

আজ ৫ জুন ২০১৭ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ ব্লাস্ট কর্তৃক দায়েরকৃত বহুল আলোচিত লঞ্চ দুর্ঘটনায় নিহত ও নিখোঁজ হওয়া সংক্রান্ত মামলায় নিম্ন আদালতের রায় বহাল রাখেন। উচ্চ আদালতের এই নির্দেশের মাধ্যমে নিম্ন আদালতে দায়েরকৃত মামলায় (মামলা নং -৩৪৪/২০০৮) ১৭ কোটি ১১ লক্ষ ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত প্রদত্ত আদেশ কার্যকর করে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতিপূরণ প্রদানে আর কোন বাধা রইলো না।

বিচারপতি সৈয়দ মোহাম্মদ জিয়াউল করিম ও বিচারপতি শেখ মো: জাকির হোসেন এর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় প্রদান করেন। ব্লাস্ট এর পক্ষ থেকে বিভিন্ন সময়ে উচ্চ আদালতে শুনানীতে অংশ নেন সিনিয়র অ্যাডভোকেট ড. কামাল হোসেন, অ্যাডভোকেট সুব্রত চৌধুরী, অ্যাডভোকেট জেড আই খান পান্না প্রমুখ। তাদের সহায়তা করেন অ্যাডভোকেট মোঃ বরকত আলী ও অ্যাডভোকেট শারমিন আক্তার। এ সময় বিআইডব্লিউটিএ ও লঞ্চ মালিক সমিতির প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, ঢাকা থেকে ভোলার লালমোহনে যাওয়ার পথে বিগত ২০০৩ সালের ৮ জুলাই চাঁদপুরের মেঘনা ও ডাকাতিয়া নদীর মোহনায় এমভি নাসরিন-১ লঞ্চটি ডুবে যায়। ওই ঘটনায় নিহত হন ১১০ জন, ১৯৯ জন নিখোঁজ থাকেন। চাঁদপুরের জেলা প্রশাসক ওই বছরই লঞ্চডুবিতে ক্ষতিগ্রস্ত ৪০০ পরিবারের তালিকা প্রকাশ করে এবং সে অনুযায়ী নৌ-দুর্যোগ ট্রাস্টি বোর্ড নিহত ও আহত ব্যক্তিদের পরিবারকে ক্ষতিপূরণ প্রদান করেন। সেই ক্ষতিপূরণ 'অপ্রতুল' দাবি করে ২০০৪ সালে ঢাকার তৃতীয় জেলা জজ আদালতে ব্লাস্ট একটি ক্ষতিপূরণ মামলা দায়ের করেন। দুর্ঘটনার দীর্ঘ ১৩ বছর পর বিগত ২০১৬ সালের ২ ফেব্রুয়ারি নিম্ন আদালত ওই মামলার রায় ঘোষণা করে ক্ষতিগ্রস্তদের ১৭ কোটি ১১ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদানের নির্দেশ প্রদান করেন। ওই আদেশের বিরুদ্ধে বিআইডব্লিউটিএসহ বিবাদীপক্ষ বিগত ২০১৬ সালের ২৪ অক্টোবর হাইকোর্টে একটি রিভিশন আবেদন করে। ওই আবেদনের চূড়ান্ত শুনানি শেষ হয় গত ২৪ মে ২০১৭। অবশেষে আজ সোমবার ৫ মে ২০১৭ তারিখ রুলটি খারিজ করে নিম্ন আদালতের রায় বহাল রেখে হাইকোর্ট এই আদেশ দেন।

এ রায়ের মধ্য দিয়ে সেই ক্ষতিগ্রস্ত পরিবার ও হতাহত ব্যক্তির ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী হয়েছেন। ব্লাস্ট আশা করছে উচ্চ আদালতের এ রায় দ্রুত বাস্তবায়নের মাধ্যমে নিম্ন আদালতের নির্দেশ অনুযায়ী আহত, ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও নিহত ব্যক্তিদের পরিবারবর্গের যথাযথ ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিত হবে।

বার্তাপ্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসিএন্ডকমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd